



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-০১/০৬/২০২১খ্রিঃ

### প্রেস নোট

**রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক ৬,৪০,৮৬০/- টাকার নকল ব্যাণ্ডরোল উদ্ধারসহ  
০১ (এক)জন গ্রেফতার**



গত ৩১/০৫/২০২১ খ্রি. গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি)র উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায় ও সার্বিক তত্ত্বাবধানে, সিনিয়র সহকারী পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ ফারুক আহমেদ এর নেতৃত্বে, পুলিশ পরিদর্শক(নিঃ)/ জনাব মোঃ মোতালেব হোসেন, এসআই (নিঃ)/ মোঃ নাজমুল ইসলাম, এসআই (নিঃ)/ মোঃ বাবুল ইসলাম, এসআই (নিঃ)/ আবু ছাইয়ুম তালুকদার এবং সঙ্গীয় ফোর্সসহ আরপিএমপি রংপুর হারাগাছ থানাধীন জয়বাংলা বাজার ধূমের কুঠি কামারটারী এলাকায় অভিযান পরিচালনা করে জনৈক মোঃ এনামুল হক এর মুদি দোকানের সামনে চলাচলের পাকা রাস্তার উপর থেকে বিপুল পরিমাণ নকল ব্যাণ্ড রোল উদ্ধারসহ মোঃ রাজ্জাকুল (৪১) পিতা- মৃত নুর ইসলাম, সাং-মেনাজবাজার, থানা- হারাগাছ, রংপুর মহানগর-কে গ্রেফতার করা হয়।

উক্ত অভিযানে একটি প্লাস্টিক এর বস্তুর ভিতরে সর্বমোট ৫৫০ পাতা ব্যাণ্ডরোল প্রতি পাতায় ১২০ টি করে মোট (৫৫০×১২০)= ৬৬,০০০ টি যাহার প্রতিটির মূল্য ৯.৭১ টাকা হিসাবে মোট মূল্য = (৬৬,০০০× ৯.৭১) টাকা = ৬,৪০,৮৬০/- টাকা জব্দ করা হয়। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে হারাগাছ থানায় ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ২৫-ক/২৫-ক(খ) ধারায় মামলা দায়ের করা হয়।

উল্লেখ্য যে, গ্রেফতারকৃত আসামীসহ অজ্ঞাতনামা আসামীরা পারস্পারিক যোগসাজশে দীর্ঘদিন থেকে নকল ব্যাণ্ডরোল ব্যবহার করে বিড়ির ব্যবসা করে আসছে। অত্র মামলাটি বিস্তৃত তদন্তের মাধ্যমে নকল ব্যাণ্ডরোল উৎপাদন, মজুদ, পরিবহন, সরবরাহ ও ব্যবহারের সাথে জড়িতদের সনাক্তপূর্বক আইনের আওতায় আনা হবে।

০১.০৬.২০২১

(মোঃ ফারুক আহমেদ)  
সহকারী পুলিশ কমিশনার  
(ডিবি এন্ড মিডিয়া)  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর  
মোবাইল-০১৩২০-০৭৩৬৭২